

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

ও.আর.নিজাম রোড শাখা, চট্টগ্রাম।

**বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থখণ্ড আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক)**

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউসিবি, ও.আর.নিজাম রোড শাখা, চট্টগ্রাম এর ঝণগ্রাহীতা মেসার্স হোসেন রোলিং, ঠিকানাঃ ২৮, মোহাম্মদপুর বাই লেইন, মির্জারপুল, মুরাদপুর, থানা-পাঁচলাইশ, জেলা-চট্টগ্রাম, স্বত্ত্বাধিকারী- মোহাম্মদ কফিল উল্লিঙ চৌধুরী, পিতা-মরহুম হোসেন আহমদ চৌধুরী, ঠিকানা- ৩২/এ, মুরাদপুর, থানা-পাঁচলাইশ, জেলা-চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঝণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত ৫ তলা আবাসিক ভবন রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখিয়াছেন এবং রেজিস্ট্রিকৃত আমমোত্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত ৫ তলা আবাসিক ভবন আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করিয়াছেন। ঝণগ্রাহীত মঙ্গলীপত্রের শর্ত মোতাবেক ঝণ পরিশোধ না করায় বিগত ২২/০৮/২০১৫ইং তারিখ পর্যন্ত খেলাপী ঝণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৬০,২৫,৯৮২.৯৬ টাকা সহ অন্যান্য আনুসংক্ষিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত ভূমি ও তদুপরিস্থিত ৫ তলা আবাসিক ভবন নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তি তফসিল

জেলা- চট্টগ্রাম, থানা- পাঁচলাইশ, মৌজা- শুলকবহর, মির্জারপুল আবাসিকল এলাকার লে-আউট প্ল্যানের প্লট নং-১০,

যাহার সামিল আর.এস. ২৪৮নং খতিয়ানের আর.এস. ১৯নং দাগের সামিল পি.এস.  $\frac{১৭৬}{২৪৮}$  নং ও ১৭৬/১নং খতিয়ানাদির

পি.এস. ৬০নং দাগের সামিল বি.এস. ৪২৯নং খতিয়ানের এবং বি.এস. নামজারী জমাভাগ ৪২৯/১নং খতিয়ানের বি.এস. ১১৮-৮নং দাগের ৫ শতাংশ ভূমি ও তদুপরিস্থিত ৫ তলা আবাসিক ভবন যাহার চৌহদীঃ উত্তরে- মির্জারপুল হাউজিং সোসাইটির ৯নং বাড়ি, দক্ষিণে- রাস্তা তারপর মোস্তফা সাহেবের বাড়ি, পূর্বঃ শাহনেওয়াজ বাবুল এর কলোনী এবং পশ্চিমে- ইউসুফ সাহেবের বাড়ি।

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ২২/০৯/২০১৫ইং বিকাল ৮.০০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর.নিজাম রোড শাখা, চট্টগ্রাম এর রাক্ষিত বাস্তে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৮.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ও.আর.নিজাম রোড শাখা, চট্টগ্রাম এর অনুকূলে দরপত্রের সঠিক দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নবই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াপ্ত হইতে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইতে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সকল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলাম অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

### ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

ও.আর.নিজাম. রোড শাখা, চট্টগ্রাম।